Daffodil Polytechnic Institute



# ইন্সটিটিউট প্রসপেক্টাস ২০২৬

Visit our Website & Discover Your Future

www.dpi.ac

# Message

" বাংলাদেশের প্রেক্ষাপটে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা নতুন যুগে প্রবেশ করেছে। আর তাই শিক্ষা খাতে উন্নয়নের জন্য প্রযুক্তিগত ও দক্ষতা সম্পন্ন তরুণ সমাজ গড়ে তুলতে হবে। পাশাপাশি বর্তমান সময়ে কর্মক্ষম যুব সমাজের উপর বিশেষ নজর দেয়া হচ্ছে। কারণ তারা একটি দেশের উন্নয়নের প্রধান হাতিয়ার। কিন্তু বাংলাদেশে এই যুব সমাজের জন্য তেমন কোনো মাধ্যম বা ব্যবস্থা নেই যাতে তারা কর্মক্ষেত্রে উৎপাদনশীল এবং সফল ভূমিকা পালন করতে পারে। আর বর্তমান শিক্ষা ব্যবস্থা যুব সমাজ ও প্রাপ্তবয়স্কদের সফলভাবে প্রস্তুতের জন্য নানা ভাবে কাজ করছে যাতে তারা বিশ্বব্যাপী অর্থনীতিতে কাজ করতে সক্ষম হয়। এইসব বিষয়গুলো বর্তমান বৃত্তিমূলক শিক্ষার আওতায় আনা হচ্ছে। আর তাই চাকুরীর বাজারে চাহিদা পূরনের লক্ষ্যে প্রতিষ্ঠা করা হয়েছে ড্যাফোডিল পলিটেকনিক ইন্সটিটিউট। গতানুগতিক পলিটেকনিক ইন্সটিটিউট এর শিক্ষা ব্যবস্থাকে আর্ন্তজাতিক মানের গড়ে তুলতে কাজ করছে ড্যাফোডিল পলিটেকনিক। তাছাড়া শিক্ষার্থীদের প্রযুক্তিগত জ্ঞান, ক্ষমতা, নমনীয়তা এবং কর্পোরেট বিশ্বের সামাজিক প্রেক্ষাপটে নিজেদের স্বাবলম্বী হিসেবে গড়ে উঠতে উৎসাহিত করছে ড্যাফোডিল পলিটেকনিক ইন্সটিটিউট। আমি আশা করি বিশ্বের মানচিত্রে শীর্ষ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে ড্যাফোডিল পলিটেকনিক ইন্সটিটিউট এর নাম থাকবে এবং তা বাস্তবায়নে আমি সর্বোত্তক চেষ্টা করব। "



**ড. মোঃ সবুর খান**
চেয়ারম্যান
ড্যাফোডিল গ্রুপ

" শিক্ষার্থীদের ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক সকল চ্যালেঞ্জ মোকাবেলা করতে সক্ষম হয়ে গড়ে উঠার জন্য ড্যাফোডিল পলিটেকনিক ইন্সটিটিউট একটি আদর্শ পলিটেকনিক ইন্সটিটিউট। ক্রমবর্ধমান সময়ের এই প্রযুক্তি নির্ভর যুগে বিশ্বের সাথে তাল মিলিয়ে দেশকে উন্নতির দিকে এগিয়ে নিতে আমরা চাকরির বাজারের চাহিদা সম্পন্ন টেকনোলজি পরিচালনা করে আসছি। শিক্ষার্থীদের সঠিক শিক্ষার মান নিশ্চিত করার পাশাপাশি শিক্ষার্থীদের আত্মবিশ্বাস, নেতৃত্বগুণ ও তথ্য প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলার লক্ষ নিয়ে ড্যাফোডিল পলিটেকনিক ইন্সটিটিউট বিশ্বাস করে, আজকের দক্ষ শিক্ষার্থী আগামীর সফল পেশাজীবী ও জাতি গঠনের উদ্ভাবক। এই লক্ষ অর্জনে আমরা প্রতিনিয়ত উন্নত শিক্ষা পদ্ধতি ও আধুনিক প্রযুক্তির সমন্বয়ে শিক্ষাদান করে যাচ্ছি। "



**ড. মোহাম্মদ নূরুজ্জামান**
সিইও
ড্যাফোডিল গ্রুপ

" প্রযুক্তির এই যুগে কারিগরি শিক্ষার কোনো বিকল্প নেই। দেশকে এগিয়ে নিতে এবং বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে কারিগরি শিক্ষার গুরুত্ব অপরিসীম। দেশের তরুণ প্রজন্মকে কারিগরি শিক্ষায় দক্ষ করে তুলতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে ড্যাফোডিল পলিটেকনিক ইন্সটিটিউট। বিশ্বব্যাপী চাহিদাসম্পন্ন দক্ষ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার গড়ে তুলতে ড্যাফোডিল পলিটেকনিক ইন্সটিটিউট মানসম্মত শিক্ষা নিশ্চিত করে। শিক্ষার্থীদের দক্ষ করে তুলতে এখানে রয়েছে আধুনিক ল্যাব, ডিজিটাল ক্লাসরুম এবং অভিজ্ঞ ও দক্ষ শিক্ষকবৃন্দ। ক্যারিয়ার লঞ্চপ্যাড এর মাধ্যমে শিক্ষার্থীদের ইন্টার্নশিপ এবং কর্মসংস্থানের ক্ষেত্রে ডিপিই এর সাফল্য অভাবনীয়। "



**রথীন্দ্রনাথ দাস**
এক্সিকিউটিভ ডিরেক্টর
বিটিইবি অ্যাফিলিয়েটেড ইন্সটিটিউশনস
ড্যাফোডিল গ্রুপ

# ভূমিকা :

ড্যাফোডিল পলিটেকনিক ইন্সটিটিউট ড্যাফোডিল গ্রুপের উন্নত শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে একটি। এটি ধানমন্ডির সুশৃঙ্খল এবং বিজ্ঞান সৌন্দর্যে পরিপূর্ণ পরিবেশে অবস্থিত। ২০০৬ সালে প্রারম্ভিক যাত্রা শুরু করে, এই ইন্সটিটিউটে কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের দক্ষ মানব সম্পদে পরিণত করছে , যারা এখন সমাজে সুপ্রতিষ্ঠিত ব্যক্তিত্ব। ড্যাফোডিল পলিটেকনিক ইন্সটিটিউট একটি প্রাতিষ্ঠানিক সূত্রে সফলভাবে প্রতিষ্ঠিত হয়েছে, এবং এর কার্যক্ষমতা প্রমাণিত হয়েছে। এটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিটিইবি) এবং শিক্ষা মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত ছাত্র-ছাত্রীদের জন্য বিভিন্ন প্রযুক্তি বিষয়ে প্রযুক্তিগত শিক্ষা প্রদান করে। এটি মূলত কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি, ইলেকট্রিক্যাল টেকনোলজি, সিভিল টেকনোলজি, ইলেকট্রনিক্স, অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং, টেলিকমিউনিকেশন, গ্রাফিক্স ডিজাইন, আর্কিটেকচার, টেক্সটাইল এবং ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট প্রযুক্তিতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং প্রদান করে।

# মিশন :

শিক্ষার্থীদের দক্ষতা নিশ্চিতকরণ ও প্রযুক্তিগতভাবে দেশের মানব সম্পদ বিকাশের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে অবদান রাখা। সমাজের চাহিদা মেটাতে উচ্চতর নৈতিক ও নৈতিক মূল্যবোধের সাথে প্রযুক্তিগত দিক থেকে দক্ষ মানবসম্পদ তৈরি করা। বাংলাদেশের টেকসই আর্থ-সামাজিক ও শিল্প উন্নয়নের জন্য নীতি নির্ধারণে অবদান রাখা। শিক্ষার সুযোগ তৈরি করা এবং শিক্ষা থেকে ঝরে পড়া রোধ করা। পাশাপাশি শিক্ষার মূল্যবোধ, জ্ঞান এবং দক্ষতা নিশ্চিতের মাধ্যমে নিয়মিত শিক্ষার্থী থেকে প্রফেশনালদের কর্মদক্ষতা ও কর্মসংস্থান নিশ্চিত করা।

# ভিশন :

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর মানসম্মত শিক্ষা ও শিক্ষা ব্যবস্থাপনা নিশ্চিত করা। দক্ষ ও কর্মক্ষম ডিপ্লোমা গ্র্যাজুয়েট তৈরী করে জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে স্বীকৃতি লাভ করা এবং শিল্প ও সমাজের জন্য প্রয়োজনীয় দক্ষতা নিশ্চিতকরনসহ মানব সম্পদ বিকাশের অন্যতম মূল্যবান প্রতিষ্ঠান হিসাবে মর্যাদা লাভ করা।




বিস্তারিত জানতে QR
কোডটি স্ক্যান করুন

# CHRONOLOGY (Last Four Years)




## ২০২২

- স্বনামধন্য ৪০ টি কোম্পানির অংশগ্রহণে Internship Fest ২০২২ অনুষ্ঠিত।
- শিক্ষার্থীদের চাকরি ও ইন্টার্নশীপ সহায়তা প্রদানে Holiday Inn হোটেলের সাথে চুক্তি স্বাক্ষরিত।
- "One Student One Laptop" প্রকল্পের আওতায় ধারাবাহিকভাবে ৩য় বারের মতো শিক্ষার্থীদের মাঝে ফ্রী ল্যাপটপ বিতরণ।



## ২০২৩

- পলিটেকনিকের ইতিহাসে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং শিক্ষার্থীদের জন্য ড্যাফোডিল পলিটেকনিক আয়োজন করেছে Graduation Ceremony-2023
- শিক্ষার্থীদের উদ্যোক্তা হিসেবে ক্যারিয়ার গড়তে ড্যাফোডিল পলিটেকনিকে ইন্টারপ্রেনিয়রশীপ ইকো সিস্টেম ডেভেলপ করা হয়।



## ২০২৪

- শিক্ষার্থীদের তৈরী ৪০টিরও বেশি উদ্ভাবনী প্রজেক্ট নিয়ে আয়োজিত হয় Project Fest - 2024
- আমাদের শিক্ষার্থী মো: সাজ্জাদ শেখ ও তার টিম Absolute Zero- এর তৈরি রোবট জাতীয় পর্যায়ে একধিকবার চ্যাম্পিয়ন হওয়ার কৃতিত্ব অর্জন করে।
- দক্ষিণ এশিয়া থেকে একমাত্র প্রতিনিধি হিসেবে আমেরিকায় আয়োজিত আন্তর্জাতিক রোবট ফাইটিং ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ NHRL 2024-এ ড্যাফোডিল পলিটেকনিকের শিক্ষার্থী ইশমাম তাহসান মাসাফি-র অংশ গ্রহন ও অসামান্য সাফল্য অর্জন!

## ২০২৫




- ৪০০ জন ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের নিয়ে Daffodil Polytechnic দ্বিতীয় বারের মতো গর্বের সাথে Graduation Ceremony 2025 আয়োজন করলো।
- শিক্ষার্থীদের রোবটিক্সের প্রতি আগ্রহী এবং রোবটিক্স নিয়ে রিসার্চ করার সুযোগ সৃষ্টির লক্ষ্যে ড্যাফোডিল Robotics & AI centre এর সাথে চুক্তি স্বাক্ষরিত।
- ড্যাফোডিল পলিটেকনিকের শিক্ষার্থীদের তৈরি ক্রিয়েটিভ প্রজেক্ট বাংলাদেশ সরকারের ASSET প্রকল্পের উদ্যোগে আয়োজিত Skill & Innovation Competition 2025-এ ইনস্টিটিউট পর্যায়ে চ্যাম্পিয়ন হয়ে আঞ্চলিক পর্যায়ের কম্পিটিশনের জন্য নির্বাচিত হলো!

# কেন গতানুগতিক ধারার বাইরে আধুনিক পলিটেকনিক?

প্রযুক্তি নির্ভর স্মার্ট লার্নিং নিশ্চিত করতে পারফরম্যান্সের ভিত্তিতে শিক্ষার্থীদের জন্য রয়েছে
ফ্রী ল্যাপটপ

শিক্ষার্থীদের নিয়মিত লেখাপড়ার পাশাপাশি তাদের দক্ষতাকে কাজে লাগানোর পরিবেশ সৃষ্টির লক্ষ্যে আমরাই প্রণয়ন করেছি WORK BASED SCHOLARSHIP

আর্থিক সুবিধাসহ স্বল্পতম সময়ে উচ্চশিক্ষার নিশ্চয়তায়
Daffodil International University

চাকরি ও ইন্টার্নশীপ প্রাপ্তির নিশ্চয়তায়
CAREER LAUNCHPAD
A Job Placement Cell of Daffodil Polytechnic

শিক্ষার্থীদের জন্য একমাত্র আমরাই দিচ্ছি তরুন উদ্যোক্তা ফান্ড
BANGLADESH VENTURE CAPITAL

বিদেশে Skill Employment এর জন্য আমাদের রয়েছে
GLOBAL RECRUITING AGENCY

সরকারের মাসিক উপবৃত্তি ও ফ্রী বই

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং শিক্ষাকে ঝুকিমুক্ত ও নিশ্চিত করতে একমাত্র আমরাই দিচ্ছি,
Student Guardian Life insurance

আর্থিক সহায়তা প্রদানে আমারা দিচ্ছি
মেধা বৃত্তি

বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন

# Project Fest

ড্যাফোডিল পলিটেকনিক বরাবরই শিক্ষার্থীদের উদ্ভাবনী ও সৃজনশীল মনোভাবকে প্রাধান্য দিয়ে থাকে। এরই ধারাবাহিকতায় শিক্ষার্থীদের তৈরী ৪০টিরও বেশি উদ্ভাবনী প্রজেক্ট নিয়ে "Project Fest - 2024" আয়োজিত হয় এবং সেরা প্রজেক্টের জন্য শিক্ষার্থীদের পুরষ্কৃত করা হয়। ইলেট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ও কম্পিউটার ডিপার্টমেন্টের শিক্ষার্থীদের তৈরী প্রজেক্ট এই ফেস্টে প্রদর্শিত হয়। যার মধ্যে উল্লেখযোগ্য এফএফআর (ফায়ার ফাইটিং রোবট) সংস্করণ 2", আর্নস্ট মাস্ক, ডিপিআই ফায়ার ফাইটিং রোবট, জি-টেক সহ বেশ কিছু চমৎকার প্রজেক্ট। ৪০টিরও বেশি প্রজেক্ট এর মধ্যে সেরা ৮ টি প্রজেক্টকে পুরষ্কৃত করা হয়।





# বিশ্ব মঞ্চে ড্যাফোডিল পলিটেকনিকের শিক্ষার্থীরা

বাংলাদেশ জয় করে বিশ্বমঞ্চে ড্যাফোডিল পলিটেকনিকের শিক্ষার্থীরা! ISIF Bangladesh কর্তৃক আয়োজিত ISIF Bangladesh Zonal Round 2025-এ 1st Runners Up হয়ে গ্লোবাল রাউন্ডের জন্য নিজেদের কোয়ালিফাই করলো ড্যাফোডিল পলিটেকনিকের Team Absolute Zero. BRAC University-তে অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে ৪০টির বেশি টিম ও তাদের প্রজেক্ট এই প্রতিযোগিতায় অংশ নেয়। এছাড়াও ড্যাফোডিল পলিটেকনিকের ইলেকট্রিক্যাল ডিপার্টমেন্টের শিক্ষার্থী Md Shajad Sheikh এর নেতৃত্বে Team "Absolute Zero", উত্তরা ইউনিভার্সিটি এবং রোবো টেক ভ্যালি-র যৌথ উদ্যোগে অনুষ্ঠিত 5th International Robotech Olympiad-এ Senior Category Project Showcasing সেগমেন্টে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। মোট ৭০টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে আসা ১৫০টি টিম এই অলিম্পিয়াডে অংশ নেয়।

# Entrepreneurship Cell

ড্যাফোডিল পলিটেকনিক ইনস্টিটিউটের এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট সেল শিক্ষার্থীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রথম বর্ষ থেকেই বুটক্যাম্প, স্কিল ডেভেলপমেন্ট ওয়ার্কশপ, স্টার্টআপ মেন্টরিং এবং নেটওয়ার্কিং কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের উদ্ভাবনী চিন্তাকে বাস্তব উদ্যোগে রূপ দেওয়ার সুযোগ তৈরি করা হয়। এ পর্যন্ত এই সেল ২০০+ শিক্ষার্থী উদ্যোক্তা তৈরি করতে সহায়তা করেছে, যাদের অনেকেই ইতোমধ্যে নিজস্ব উদ্যোগ, ফ্রিল্যান্সিং এবং ক্ষুদ্র ব্যবসায় সফলভাবে কাজ করছে।






# Graduation Ceremony

দেশের পলিটেকনিক ইতিহাসে ড্যাফোডিল পলিটেকনিক ইনস্টিটিউট সর্বপ্রথম ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের জন্য গ্র্যাজুয়েশন সেরিমনি আয়োজনের মাধ্যমে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। ইতোমধ্যে শিক্ষার্থীদের জন্য ২০২৩ এবং ২০২৫ সালে সফলভাবে ২টি গ্র্যাজুয়েশন সেরিমনি সম্পন্ন করা হয়েছে, যা তাদের একাডেমিক অর্জনকে মর্যাদার সঙ্গে উদযাপনের এক নতুন ধারা তৈরি করেছে। এই উদ্যোগের মাধ্যমে ড্যাফোডিল পলিটেকনিক ইনস্টিটিউট শুধু শিক্ষার্থীদের সম্মানিতই করছে না, বরং তাদের পেশাগত জীবনের নতুন অধ্যায়ে আত্মবিশ্বাস ও অনুপ্রেরণা যোগাচ্ছে।

# ডিপ্লোমা ইন কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি

## ক্যারিয়ার প্রসপেক্টাস

বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের এক চমকপ্রদ সৃষ্টি কম্পিউটার। গত পঁচিশ বছরে কম্পিউটার শিল্পকে সবচেয়ে দ্রুত সম্প্রসারিত শিল্প হিসাবে আখ্যা দেয়া হয়েছে। গবেষণায় প্রমাণিত হয়েছে ১৯৯৬ থেকে বিশ্বব্যাপী সবচেয়ে বেশি কর্মক্ষেত্র সৃষ্টি হয়েছে কম্পিউটার এবং কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে। কম্পিউটার ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নের ফলে প্রতিটি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মক্ষত্রেও এসেছে ব্যাপক পরিবর্তন। তাই স্বাস্থ্য সেবা থেকে শুরু করে ব্যবসা, শিক্ষা প্রতিষ্ঠান সর্বক্ষেত্রেই সৃষ্টি হয়েছে ক্যারিয়ার গড়ার অফুরন্ত সুযোগ। এই বিশ্বয়ানের ফলে একজন শিক্ষার্থী এখন ক্যারিয়ার গড়ার সুযোগ পাচ্ছেন দেশের সীমানা পেরিয়ে আন্তর্জাতিক পর্যায়ে। শিক্ষার্থীর সময়োপযোগী সঠিক সিদ্ধান্তের উপর তার সফলতা অনেকাংশে নির্ভর করে বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের ডিপ্লোমা ইন কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি ইঞ্জিনিয়ারিং সম্পন্ন করে একজন শিক্ষার্থী বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে প্রোগ্রামিং, সফটওয়্যার ফার্ম, আইটি ফার্ম, শিল্প কারখানা সহ বিভিন্ন ক্ষেত্রে কাজ করার ব্যাপক সুযোগ পেয়ে থাকে। এছাড়াও দেশ-বিদেশে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বি.এসসি সহ উচ্চতর ডিগ্রি অর্জন করতে পারে।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ :

- পি এল সি ল্যাব
- কম্পিউটার ল্যাব
- হার্ডওয়্যার ল্যাব
- সফটওয়্যার ল্যাব
- নেটওয়ার্কিং ল্যাব



বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন

# ডিপ্লোমা ইন গ্রাফিক্স ডিজাইন

## ক্যারিয়ার প্রসপেক্টাস

গ্রাফিক্স ডিজাইন সেক্টরে ক্যারিয়ারের সুযোগ সারা বিশ্বে রয়েছে। বর্তমানে প্রত্যেক কোম্পানিতেই গ্রাফিক্স ডিজাইনারের প্রয়োজন রয়েছে, এছাড়াও গ্রাফিক্স ডিজাইনের দুটি দুর্দান্ত সুযোগ রয়েছে ফ্রিল্যান্সিং এবং আউটসোর্সিং। সময়ের সাথে সাথে বাহিরের দেশগুলোতে আরও বেশি ফ্রিল্যান্সার এবং আউটসোর্সারের প্রয়োজন। তারা তৃতীয় বিশ্বের দেশগুলোতে ডিজাইনার খুঁজছে এবং পরিসংখ্যান অনুযায়ী বাংলাদেশ তৃতীয় অবস্থানে রয়েছে। গ্রাফিক্স ডিজাইনাররা বিভিন্ন শিরোনামের প্রতিনিধিত্বকারী বিভিন্ন ক্ষেত্রে তাদের ক্যারিয়ার গড়তে পারে।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ :

- গ্রাফিক্স ডিজাইন ল্যাব
- ভিডিও এডিটিং ল্যাব
- ফটোগ্রাফি ল্যাব
- অ্যানিমেশন ল্যাব
- প্রিন্টিং ল্যাব



বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন



# ডিপ্লোমা ইন সিভিল

## ক্যারিয়ার প্রসপেক্টাস

আধুনিক প্রকৌশল বিদ্যার একটি গুরত্বপূর্ণ শাখা সিভিল ইঞ্জিনিয়ারিং যার মূল বিষয়বস্তু হলো পরিকল্পনা, নকশা ও কাঠামোগত কার্যনির্বাহ করা। রাস্তা, সেতু, টানেল, ভবন, বিমান বন্দর, বাঁধ, পানি নিষ্কাশন ব্যবস্থা, পোর্ট ইত্যাদি গণপূর্ত নকশা তত্ত্বাবধান ও নির্মাণ কার্যক্রম সহ বিভিন্ন চ্যালেঞ্জিং সুযোগ সমূহ এর অর্ন্তভূক্ত প্রকল্পের পরিকল্পনা/বাস্তবায়ন এবং রক্ষণাবেক্ষণ এর জন্য একজন সিভিল ইঞ্জিনিয়ার অত্যাবশ্যকীয়। একজন সিভিল ইঞ্জিনিয়ারকে প্রকৌশলী জ্ঞানের পাশাপাশি প্রশাসনিক দক্ষতাও অর্জন করতে হয়। তারা নিজেদেরকে সরকারি এবং বেসরকারি বিভিন্ন নির্মাণ সাইটে সাইট ইঞ্জিনিয়ার/ব্যবস্থাপকের পদে নকশা, গবেষণা, শিক্ষা ইত্যাদি পদে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারেন। এছাড়াও বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে উপ-সহকারী প্রকৌশলী হিসেবে তাদের কাজ করার সুযোগ রয়েছে। LGED, PWD, R&H, BR, BBA, WDB, WASA, MESEED, DESCO, DPDC, BADC, Bangladesh Airlinse, Telecom Industy সহ বিভিন্ন সরকারি ও বেসরকারি আবাসন ও উন্নয়ন প্রকল্পে উপ-সহকারি প্রকৌশলী হিসেবে দেশে ও বিদেশে সিভিল ইঞ্জিনিয়ারদের রয়েছে অপার সম্ভাবনা।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ :

- সার্ভেয়িং ল্যাব
- কম্পিউটার ল্যাব
- কন্সট্রাকশন ল্যাব
- হাইড্রোলিক্স ল্যাব
- জিওটেকনিক্যাল ল্যাব

বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন



# ডিপ্লোমা ইন আর্কিটেকচার

## ক্যারিয়ার প্রসপেক্টাস

আধুনিক প্রকৌশল বিদ্যার একটি আধুনিকতম শাখা আর্কিটেকচার, যার মূল বিষয়বস্তু হল নকশা ও কাঠামোগত ডিজাইনের সৌন্দর্য বৃদ্ধিতে ও অবকাঠামোগত ডিজাইন করা। নির্মাণ প্রতিষ্ঠানের পাশাপাশি গণপূর্ত নকশা তত্ত্বাবধান ও নির্মাণ কার্যক্রম সহ বিভিন্ন চ্যালেঞ্জিং সুযোগ সমূহ এর অর্ন্তভূক্তবিভিন্ন নির্মাণ প্রকল্পে / সাইট আর্কিটেক্ট / ইন্টেরিয়র ডিজাইনার পদে নকশা, গবেষণা, শিক্ষা ইত্যাদি পদে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারেন এছাড়াও স্বাধীন পরামর্শদাতা হিসেবে তাদের কাজ করার ব্যাপক সুযোগ রয়েছে। সরকারি ও বেসরকারি আবাসন ও উন্নয়ন প্রকল্পে উপ-সহকারি প্রকৌশলী হিসেবে দেশে ও বিদেশে আর্কিটেকচার ইঞ্জিনিয়ারদের রয়েছে অপার সম্ভাবনা।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ :

- ড্রইং ল্যাব
- কন্সট্রাকশন ল্যাব
- সার্ভেয়িং ল্যাব
- কম্পিউটার ল্যাব

বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন

# ডিপ্লোমা ইন ইলেকট্রনিক্স

## ক্যারিয়ার প্রসপেক্টাস

হাটি হাটি পা পা করে বাংলাদেশ তথা সারা বিশ্ব উন্নতির শীর্ষে চলে যাচ্ছে, প্রযুক্তির ছোঁয়া প্রতিটি ঘরে প্রতিটি ব্যক্তির দ্বারে পৌঁছে গিয়েছে যার প্রধান অবদান ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং। প্রতিটি সেক্টর উন্নত এবং সহজ করার পিছনে এই ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারদের ভূমিকা গুরত্বপূর্ণ। ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ার ছাড়া যে কোন সেক্টর এর উন্নতি ভাবাটা খুবই দুষ্কর। তাই ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারদের ক্যারিয়ার গড়ার সম্ভাবনাময় জায়গাটা হচ্ছে বাংলাদেশ সহ সারা বিশ্ব, একজন ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ার এর কাজ করার সুযোগ রয়েছে দেশে ও বিদেশের সকল সরকারি প্রতিষ্ঠানগুলোতে যেমন বাংলাদেশ নৌবাহিনী, বিমান বাহিনী, সেনাবাহিনী বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ রেডিও, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এবং বিভিন্ন সরকারি মন্ত্রণালয়, বেসরকারি ইলেকট্রনিক্স কোম্পানি, এলজি, সনি, ওয়ালটন, স্কয়ার, বেক্সিমকো, স্যামসাং, রহিমাফরুজ, শাওমি, ট্রান্সটেক ইত্যাদি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলো যেমন পল্লী বিদ্যুৎ, ডিপিডিসি, ডেসকো, নেস্কো, নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট, ইত্যাদি।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ :

- ইলেকট্রনিক্স সার্কিট এন্ড ডিভাইস ল্যাব
- পিএলসি এন্ড মাইক্রোকন্ট্রোলার ল্যাব
- ইলেকট্রিক্যাল সার্কিট ল্যাব
- ইলেকট্রনিক্স মেজারিং ল্যাব
- ইলেকট্রিক্যাল ল্যাব
- কম্পিউটার ল্যাব
- ড্রইং ল্যাব




বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন

# ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল

## ক্যারিয়ার প্রসপেক্টাস

আধুনিক উন্নত সভ্য বিশ্বে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়। যেখানে শিক্ষার্থীদের রয়েছে ক্যারিয়ার গড়ার বিশাল সম্ভাবনা। একজন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারের রয়েছে সরকারি/ স্বায়ত্বশাসিত/ বেসরকারি প্রতিষ্ঠানে কাজ করার সুযোগ। ইলেকট্রিক্যাল পাওয়ার উৎপাদন ও বিতরণ প্রতিষ্ঠান, টেলিকমিউনিকেশন ইন্ডাস্ট্রি, IT, RMG, BREB, PWD, DESA, DESCO, R&H, BPDB, MES, DPDC, PGCB ও বিভিন্ন সেবামূলক খাতে কর্মের সুযোগ রয়েছে। এছাড়াও একজন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার ক্ষুদ্র বা মাঝারি শিল্প কারখানা স্থাপন করে নিজেকে উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত করতে পারে।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ :

- মেশিন ল্যাব
- পি এল সি ল্যাব
- মেজারমেন্ট ল্যাব
- ড্রইং ল্যাব
- সার্কিট ল্যাব
- ইলেকট্রিকাল ল্যাব
- ইলেকট্রনিক্স ল্যাব
- কমিউনিকেশন ল্যাব



বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন



# ডিপ্লোমা ইন টেক্সটাইল

## ক্যারিয়ার প্রসপেক্টাস

দেশে প্রতিষ্ঠিত টেক্সটাইল শিল্পে ইঞ্জিনিয়ারদের রয়েছে বিশাল চাহিদা। আরএমজি সেক্টরে দেশি-বিদেশি বিভিন্ন বায়িং হাউসে টেক্সটাইল ইঞ্জিনিয়াররা যথেষ্ট গুরুত্ব সহকারে কাজ করছেন। মূলত একজন টেক্সটাইল ইঞ্জিনিয়ারকে যে কোন ছোট-বড় টেক্সটাইল ইন্ডাস্ট্রির পণ্য উৎপাদন কার্যক্রমের প্রাণ হিসেবে বিবেচনা করা হয়। বিভিন্ন কম্পোজিট শিল্প, স্পিনিং, উইভিং সহ গার্মেন্টস প্রতিষ্ঠানে টেক্সটাইল ইঞ্জিনিয়াররা কাজ করে থাকেন। সেই সাথে বিভিন্ন ব্যাংক এবং শিল্পঋণ বিতরণ সংস্থার সংশ্লিষ্ট ক্ষেত্রে চাকরির সুযোগ রয়েছে টেক্সটাইল ইঞ্জিনিয়ারদের।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ :

- ফেব্রিক ম্যানুফ্যাকচারিং ল্যাব
- ইয়ার্ন ম্যানুফ্যাকচারিং ল্যাব
- ওয়েট প্রসেসিং ল্যাব
- টেস্টিং ল্যাব
- ফিনিশিং ল্যাব
- গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং ল্যাব

বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন



# ডিপ্লোমা ইন অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং

## ক্যারিয়ার প্রসপেক্টাস

আমাদের মৌলিক চাহিদার মধ্যে একটি হচ্ছে পোশাক। অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং মূলত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এর একটি অংশ। অ্যাপেরাল ম্যানুফ্যাকচারিং-এর মূল কাজ হলো কাপড়কে তার নির্দিষ্ট আকার দিয়ে প্রস্তুত করা। পোশাক শিল্পে অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং অতীব গুরত্বপূর্ণ ভূমিকা রাখে। দেশে প্রতিষ্ঠিত টেক্সটাইল শিল্পে ইঞ্জিনিয়ারদের রয়েছে ব্যাপক চাহিদা। বর্তমানে দেশে ৫০০০ এর অধিক গার্মেন্টস এর বিভিন্ন বিভাগ যেমন: কোয়ালিটি কন্ট্রোল, কাটিং, সুইং, স্যাম্পলিং, ফেব্রিক সেকশন সমূহ ও প্যাটার্ন ডিজাইন বিভাগে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের প্রচুর চাহিদা রয়েছে। তাছাড়া দেশি-বিদেশি বিভিন্ন আরএমজি সেক্টরে, বায়িং হাউস ও গার্মেন্টস গুলোতে কাজের সুযোগ আছে। এই ধাপে sampling, fabric spreading, cutting, sewing, washing (if necessary), finishing করা হয় এবং যেই complete dress আমরা পরিধান করি সেটা কাপড় থেকে পুরো ফিনিশিং প্রসেস পর্যন্ত ধাপগুলো এই গার্মেন্টস বা অ্যাপারেল ম্যানুফ্যাকচারারদেরই অবদান।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ :

- কাটিং ল্যাব
- স্টিচিং ল্যাব
- মার্কার ল্যাব
- চেকিং এন্ড ফিনিশিং ল্যাব

বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন

# ডিপ্লোমা ইন টেলিকমিউনিকেশন

## ক্যারিয়ার প্রসপেক্টাস

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির এই বিশাল জোয়ারে টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং কে ধরা হয় সম্ভাবনাময় খাতের মধ্যে অন্যতম। গত ১০ বছরে বিশ্বজুড়ে ছিলো সবচেয়ে দ্রুত সম্প্রসারিত খাত এবং আশা করা যায় আগামী কয়েক দশকেও অব্যাহত থাকবে। বাংলাদেশও এক্ষেত্রে পিছিয়ে নেই। একজন টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান যেমন BTCL, BTRC, Bangladesh Railway, Radar Station, Satellite Earth Station, IT Sector (BASIS) ইত্যাদি প্রতিষ্ঠানে Sub-Assistant Engineer হিসেবে এবং Jr. Instructor হিসেবে সকল সরকারি ও বেসরকারী পলিটেকনিক ইন্সটিটিউটে কাজ করার সুযোগ পেয়ে থাকে। এছাড়া যে কোনো private এ IT Engineer, Software Developer, Broadcast Engineer (TV Channel), Network Engineer (ISP company), System Engineer, Assistant Telecom Engineer হিসেবে কাজের সুবিধাও রয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে একটি Knowldge Based Society হিসেবে গড়ে তুলতে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে টেলিকমিউনিকেশন খাতকে। এখন আমাদেরই রয়েছে নিজস্ব স্যাটেলাইট "বাংলাদেশ স্যাটেলাইট"।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ :

- ইলেকট্রনিক্স ল্যাব
- মাইক্রোওয়েভ ল্যাব
- কম্পিউটার ল্যাব
- নেটওয়াকিং ল্যাব
- কমিউনিকেশন ল্যাব



বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন

# ডিপ্লোমা ইন
# ট্যুরিজম এন্ড হসপিটালিটি

## ক্যারিয়ার প্রসপেক্টাস

হোটেল ম্যানেজমেন্ট বর্তমান সময়ের বিশ্বব্যাপী চাহিদা সম্পন্ন একটি পেশা। বিভিন্ন চেইন হোটেল, রেস্টুরেন্ট, এয়ারলাইন্স গুলোতে রয়েছে ক্যারিয়ারের অপার সুযোগ এছাড়াও বিভিন্ন ট্রাভেল এন্ড ট্যুরিজম এজেন্সি, রিসোর্ট ও মোটেলে বিভিন্ন ডিপার্টমেন্টে কাজ করার সুযোগ থাকে। দেশে এবং দেশের বাহিরে চাহিদার তুলনায় দক্ষ জনশক্তির অপ্রতুলতার কারনে একজন শিক্ষার্থী তার শিক্ষারত অবস্থায় পার্ট টাইম কাজ করার সুযোগ পেয়ে থাকে। আর তাই এই ডিপার্টমেন্টের কোন শিক্ষার্থীকে শিক্ষা জীবন শেষে বেকার বসে থাকতে হয় না। যেহেতু চাহিদার তুলনায় শিক্ষার্থী কম তাই খুব কম সময় আর সহজেই একজন শিক্ষার্থী কর্মজীবনে তার লক্ষ্যে পৌঁছাতে পারে।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ :

- ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন ল্যাব
- ফুড এন্ড বেভারেজ সার্ভিস ল্যাব
- ফ্রন্ট অফিস ল্যাব
- হাউজ কিপিং ল্যাব





বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন

# গ্লোবাল কানেক্ট

## ক্যারিয়ার প্রসপেক্টাস :

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং সম্পন্ন করার পর জাপান ও দক্ষিণ কোরিয়ায় ক্যারিয়ার গড়ার সুযোগ বর্তমানে অত্যন্ত সম্ভাবনাময়। দক্ষ টেকনিক্যাল জনশক্তির উচ্চ চাহিদার কারণে এই দুই দেশের বিভিন্ন শিল্প ও প্রযুক্তি খাতে আন্তর্জাতিক মানের কর্মপরিবেশে উচ্চ বেতনে কাজ করার সুযোগ তৈরি হচ্ছে। জাপানি ও কোরিয়ান ভাষা এবং পেশাগত দক্ষতা অর্জনের মাধ্যমে একজন শিক্ষার্থী গ্লোবাল পর্যায়ে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারে। এটি শুধু চাকরির সুযোগই নয়, বরং আন্তর্জাতিক অভিজ্ঞতা, দক্ষতা উন্নয়ন এবং দীর্ঘমেয়াদি ক্যারিয়ার গ্রোথের পথও উন্মুক্ত করে।

## জাপান ক্যারিয়ার প্রসপেক্টাস :

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং সম্পন্ন করার পর জাপানে দক্ষ টেকনিক্যাল কর্মীদের জন্য রয়েছে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ। উন্নত প্রযুক্তি, শৃঙ্খলাপূর্ণ কর্মপরিবেশ এবং আন্তর্জাতিক মানের শিল্পখাতে কাজের মাধ্যমে উজ্জ্বল ক্যারিয়ার গড়ার সুযোগ তৈরি হয়।

## সম্ভাবনাময় দিকসমূহ :

- জাপানে উচ্চ বেতনে চাকরির সুযোগ
- আন্তর্জাতিক মানের কর্মপরিবেশ
- প্রযুক্তিনির্ভর ও আধুনিক শিল্পখাতে কাজের সুযোগ
- দক্ষতা ও অভিজ্ঞতা বৃদ্ধির সুযোগ
- দীর্ঘমেয়াদি ক্যারিয়ার প্রতিষ্ঠার সম্ভাবনা

## কোরিয়া ক্যারিয়ার প্রসপেক্টাস :

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং সম্পন্ন করার পর কোরিয়ায় দক্ষ টেকনিক্যাল জনশক্তির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। প্রযুক্তিনির্ভর শিল্প, উৎপাদন খাত এবং আধুনিক কর্মসংস্কৃতিতে কাজের মাধ্যমে সফল ক্যারিয়ার গড়ার সুযোগ রয়েছে।

## সম্ভাবনাময় দিকসমূহ :

- কোরিয়াতে উচ্চ বেতনে চাকরির সুযোগ
- আধুনিক ও নিরাপদ কর্মপরিবেশ
- দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণের সুযোগ
- ভবিষ্যতে স্থায়ী ক্যারিয়ার গড়ার সম্ভাবনা

## Partnered with:

Daffodil Japan IT

GLOBAL RECRUITING AGENCY



**CAREER LAUNCHPAD**
A Job Placement Cell of Daffodil Polytechnic


# ক্যারিয়ার লঞ্চপ্যাড

আপনার ক্যারিয়ার, আমাদের অঙ্গীকার। ক্যারিয়ার লঞ্চপ্যাড ড্যাফোডিল পলিটেকনিকের অন্যতম গুরত্বপূর্ণ সেল, একজন শিক্ষার্থীর ড্যাফোডিল পলিটেকনিকে ভর্তি হওয়ার প্রথম দিন থেকে শুরু করে শিক্ষা সম্পন্ন করার আগ পর্যন্ত তার ক্যারিয়ার ডেভেলপমেন্ট এর নানা বিষয় নিয়ে সরাসরি কার্যকর ভূমিকা পালন করার মাধ্যমে নিশ্চিত করে শিক্ষার্থীর কাঙ্খিত ক্যারিয়ার। দেশের গন্ডি পেরিয়ে বহির্বিশ্বের নানান স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে শুরু করে মাল্টিন্যাশনাল কোম্পানির সঙ্গে সংযোগ ঘটাতে এক অভূতপূর্ণ ভূমিকা রেখে চলেছে ক্যারিয়ার লঞ্চপ্যাড। এছাড়াও শিক্ষার্থীদের শিক্ষাকে যুগোপযোগী করার জন্য মাইক্রো-ক্রেডিনশিয়াল শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করে থাকে।

## Our Valued Recruiters :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| PRAN-RFL Group | CONCORD | Holiday Inn | FAKIR APPARELS | SARA Builders Ltd. | Signature GROUP |
| RANCON | Radisson BLU HOTEL, BUCHAREST | UNITED GROUP | INNOVATIVE | WALTON | APEX |
| vivo | ITBD | মাতৃভূমি সিটি | al-muslim group | SQ GROUP | Nebs-IT |
| NAQIB GROUP | DSL Daffodil Software Ltd. | Palmal Group | ACI Motors | MGI | NANDINI |
| STAR TECH | | NITOL-NILOY | RISING GROUP | Technologies | GOLDEN TULIP THE GRANDMARK - DHAKA |
| DOLPHIN COMPUTERS LTD | Healthcare Diagnostic Solutions Limited | THE WESTIN DHAKA | ZETTABYTE Technologies | iNTECH | Chef's Table |
| PARTEX STAR GROUP | | BESTELECTRONICS | Circle Network | UNIMASS HOLDINGS LTD | EUROTEX KNITWEAR LIMITED |
| dcL | | DHALY INFRATECH | | Chaity Group | ismartu |
| Esquire Group | PAKIZA | AR | RAMADA | FAKIR GROUP | Amari DHAKA |
| primenet | iEET | Guardtech | Ariana DEVELOPMENTS | | genex |
| XEBEC | RM Network | TESOL.BD | prostut | | NASCO |
| PRO INFOTECH | LINK COMMUNICATION | BEXIMCO | | DataSoft | SPACE FACTOR |
| Stargate | GLOBAL LABs Medical Labs | BESTELECTRONICS | ICT | Impress-Newtex Composite Textiles Ltd. | Foreign Study Solution (FSS) |

# ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং
## ক্যারিয়ার ম্যাপ




## ফ্যাক্টস এন্ড ফিগার

**১০০%**
ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশিপ প্লেসমেন্ট হার

**৭৫%**
গ্রাজুয়েট ইমপ্লয়েড

**১৫০০+**
বর্তমান শিক্ষার্থী

**১০০%**
প্রযুক্তিগত দক্ষতা

**১০০+**
ইন্ডাস্ট্রি লিঙ্কেজ

**৭৩ লক্ষ**
**৩৫** হাজার টাকার বাৎসরিক বৃত্তি




**৮৮%**
ইন্ডাস্ট্রিতে প্লেসমেন্ট হার

২০২৩-২৪ সেশনের
**১০%** শিক্ষার্থীকে উদ্যোক্তায় পরিণত

**১০** ডিপার্টমেন্ট

**৪৫০০+**
সফল অ্যালামনাই

**৭৫+**
দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক

# প্রযুক্তিতে আমরা

## নিজস্ব LMS

ড্যাফোডিল পলিটেকনিকের রয়েছে নিজস্ব Learning Management System - LMS, যা একটি পূর্ণাঙ্গ কোর্স ম্যানেজমেন্ট প্ল্যাটফর্ম। এর মাধ্যমে শিক্ষকগণ ক্লাস ম্যানেজমেন্ট, কোর্স আপলোড, কনটেন্ট ডেভেলপমেন্ট, কুইজ, মিডটার্ম পরীক্ষাসহ সম্পূর্ণ কোর্স মডিউল দক্ষতার সাথে পরিচালনা করে থাকেন। এই প্ল্যাটফর্মের মাধ্যমে শিক্ষার্থীরা একই জায়গা থেকে সকল কোর্স সম্পন্ন করতে পারে এবং রেকর্ডেড ক্লাসগুলো যেকোন সময় দেখে নিতে পারে। ড্যাফোডিল পলিটেকনিক ইতোমধ্যে ৯৩৭৬-এর অধিক সফল অনলাইন ক্লাস পরিচালনা করেছে, যা শিক্ষার ধারাবাহিকতা ও মান বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

## নিজস্ব পেমেন্ট গেটওয়ে ওয়ান কার্ড

ক্যাশলেস ক্যাম্পাস গড়ার প্রত্যয়ে ড্যাফোডিলের রয়েছে নিজস্ব পেমেন্ট গেটওয়ে ওয়ান কার্ড পেমেন্ট সুবিধা। শিক্ষার্থীদের টিউশন, ষ্টেশনারী, বই, ক্যাফে তে টিফিন সহ ক্যাম্পাসের নানান লেনদেন সিস্টেমকে আরো সহজ করেছে। যার ফলে একজন শিক্ষার্থী দেশের যেকোন প্রান্ত থেকে যে কোন সময় তার ফি প্রদান করতে পারে।

## অনলাইন শিক্ষক-শিক্ষার্থী ইভালুয়েশন

ড্যাফোডিল পলিটেকনিক অনলাইনে শিক্ষক–শিক্ষার্থী ইভালুয়েশন এবং একাডেমিক মনিটরিং সিস্টেম অত্যন্ত কার্যকরভাবে পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠানের সকল প্রাতিষ্ঠানিক কার্যক্রম অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে নিয়মিতভাবে সম্পন্ন হওয়ায় শিক্ষার্থীদের ক্লাস উপস্থিতি, একাডেমিক অংশগ্রহণ এবং অবস্থান রিয়েল-টাইমে মনিটর করা সম্ভব হচ্ছে। একই সঙ্গে শিক্ষকদের ক্লাস পরিচালনা, পারফর্মেন্স এবং সামগ্রিক কার্যক্রম নিয়মিতভাবে মূল্যায়ন ও ইভালুয়েশনের আওতায় আনা হয়, যা একটি স্বচ্ছ ও মানসম্মত শিক্ষা পরিবেশ নিশ্চিত করে।

## অনলাইন এডমিশন

ড্যাফোডিল পলিটেকনিকের রয়েছে একটি আধুনিক ও সুবিধাজনক অনলাইন এডমিশন সিস্টেম। এর মাধ্যমে দূর-দূরান্তের ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীরাও ঘরে বসেই সহজে ভার্চুয়াল ক্যাম্পাস ট্যুরের মাধ্যমে ঘরে বসেই ক্যাম্পাস ভিজিট করা এবং অনলাইনেই সম্পূর্ণ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারে। ক্যাম্পাসে সরাসরি উপস্থিতি ছাড়াই ভর্তি প্রক্রিয়া আরও সহজ, সময় সাশ্রয়ী এবং ঝামেলামুক্ত। অনলাইন এডমিশন লিংক - https://admission.dpi.ac

## ভার্চুয়াল ইন্ডাস্ট্রিয়াল ভিজিট

ড্যাফোডিল পলিটেকনিক শিক্ষার্থীদের বাস্তবভিত্তিক শিক্ষাকে আরও সমৃদ্ধ করতে দেশের প্রথম ভার্চুয়াল ইন্ডাস্ট্রি ভিজিট চালু করেছে। এই ব্যবস্থায় শিক্ষার্থীরা অনলাইনে লাইভ ক্লাসে যুক্ত হয়ে সরাসরি দেশী বিদেশী ইন্ডাস্ট্রি ভিজিটে অংশ নিতে পারে। একজন শিক্ষক এবং এক্সপার্ট ইন্ডাস্ট্রিতে উপস্থিত থেকে লাইভ ক্লাস পরিচালনা করেন এবং বিভিন্ন যন্ত্রাংশ ও প্রযুক্তির ব্যবহার বাস্তবভাবে শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করেন।

## অনলাইন ক্যারিয়ার কাউন্সেলিং

দেশের বিভিন্ন প্রান্ত থেকে ড্যাফোডিল পলিটেকনিকে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীরা এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং-এ ক্যারিয়ার গড়তে আগ্রহীদের সরাসরি অনলাইনে লাইভ চ্যাট, ভিডিও কলিং, হোয়াটসঅ্যাপ এর মাধ্যমে ক্যারিয়ার কাউন্সেলিং সুবিধা সেবা দিচ্ছে ড্যাফোডিল পলিটেকনিক। ভার্চুয়াল ক্যাম্পাস ট্যুর করতে - https://dpi.ac/virtual-campus

# বিশেষ কোর্স

## Art of Living :

পৃথিবীতে মানুষ হিসেবে আমাদের সবার কিছু দায়িত্ব-কর্তব্য, নীতি-নৈতিকতা মেনে চলা উচিত। যা পরিবার থেকে শুরু করে রাষ্ট্র পর্যন্ত বিদ্যমান। ড্যাফোডিল পলিটেকনিক ইন্সটিটিউট ডিআইইউ, এর মাধ্যমে ছাত্র-ছাত্রীদের জন্য এই ভিন্নধর্মী কোর্সটি পরিচালনা করে থাকে, যার মাধ্যমে ছাত্র-ছাত্রীরা তার এ সকল দায়িত্ব-কর্তব্য সম্পর্কে সচেতন হয় এবং এগুলো পালনে উদ্বুদ্ধ হয়।

## English :

বর্তমানে জীবনের প্রতিটি পর্যায়ে ইংরেজির প্রয়োজন অনস্বীকার্য। আর এই লক্ষ্যে সিলেবাসের সীমাবদ্ধ ইংরেজি ছাড়াও ছাত্র-ছাত্রীদের ষষ্ঠ পর্বে বাধ্যতা মূলক ভাবে প্রফেশনাল ইংরেজি শিক্ষা দেয়া হয়, যা ভবিষ্যতে ক্যারিয়ার নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

## Employability skills :

প্রতিযোগিতামূলক চাকরির বাজারে টিকে থাকতে হলে শুধুমাত্র প্রাতিষ্ঠানিক শিক্ষাই যথেষ্ট নয়। অনেক প্রতিযোগীর মধ্যে নিজেকে স্বতন্ত্র ভাবে উপস্থাপন করা এবং ছাত্র-ছাত্রীরা উজ্জ্বল ভবিষ্যতের জন্য ডিজাইন করা হয়েছে এই কোর্সটি । যা শিক্ষার্থীদের খুব সহজেই চাকরির প্রতিযোগিতার বাজারে প্রতিষ্ঠিত করতে সহায়তা করবে। এ তিনটি কোর্স সম্পন্নকারী শিক্ষার্থীরা ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে উচ্চ শিক্ষায় ভর্তি হলে (৩x৩= ৯) ওয়েভার পাবে, যা উচ্চ শিক্ষার ব্যয় ও সময় উভয়ই কমায়। শিক্ষা ও পরীক্ষা পদ্ধতি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম ৪ বছর মেয়াদী মোট ৮ টি সেমিস্টারে সম্পন্ন হয়। প্রতি সেমিস্টার ৬ মাস মেয়াদী। প্রতি ৬ মাস অন্তর বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের নিয়ন্ত্রণে সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়। এছাড়াও ছাত্র-ছাত্রীদের মিড-টার্ম পরীক্ষা, নিয়মিত ক্লাস টেস্ট, কুইজ টেস্ট ও ক্লাস উপস্থিতি ৮০ ভাগ অংশগ্রহন করতে হবে। সাফল্যের সাথে শিক্ষাক্রম সম্পন্ন করার পর শিক্ষার্থীগণ বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং সনদপত্র লাভ করে।

## Micro-credential courses :

ড্যাফোডিল পলিটেকনিক বাংলাদেশের প্রথম পলিটেকনিক প্রতিষ্ঠান হিসেবে কারিগরি শিক্ষায় মাইক্রোক্রেডেনশিয়াল কোর্স চালু করেছে
স্বল্প সময়ের মধ্যে বাস্তবভিত্তিক দক্ষতা অর্জনের একটি নতুন পথ মাইক্রোক্রেডেনশিয়াল। এর মাধ্যমে ছোট পরিসরের, নির্দিষ্ট স্কিল-ভিত্তিক স্বল্পমেয়াদী কোর্স, যা শিক্ষার্থীদের হাতে-কলমে দক্ষ করে তুলতে সহায়তা করে। এই কোর্সগুলোর মাধ্যমে শিক্ষার্থীরা প্রযুক্তি, ডিজাইন, সফট স্কিল, উদ্যোক্তা উন্নয়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের উপর দ্রুত দক্ষতা অর্জন করে এবং এই উদ্যোগ শিক্ষার্থীদের একাডেমিক জ্ঞানের পাশাপাশি বাস্তব জীবনে কাজ করার উপযোগী করে গড়ে তুলতে সহায়তা করে।





## Contact


01833102821 ,01713493246 ,09611677868

info@dpi.ac

1 Sobhanbag, Mirpur Road
Sher-e-Bangla Nagar, Dhaka-1207


Follow us on

Link & Accreditation: